# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৬)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৩)/১/৭৩০

তারিখ ঃ ১০ আশ্বিন ১৪২৬ / ২৫ সেপ্টেম্বর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)<br>**পদের সংখ্যা** ঃ ০১ (এক)<br>**বেতন স্কেল** ঃ ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রী থাকিতে হইবে। অনার্স ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। অনার্স ও মাস্টার্স পর্যায়ে মোট ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে শিক্ষকতা/সমমানের পদে গবেষণার ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পিএইচ.ডি ডিগ্রী নাই, অথচ কমপক্ষে ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা রহিয়াছে, এমন প্রার্থীগণও আবেদন করিতে পারিবেন। অনার্স অথবা মাস্টার্স পর্যায়ে ১ম শ্রেণী থাকিতে হইবে; তবে বিভাগীয়/অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যাইতে পারে।<br><br>স্বীকৃতমানের জার্নালে প্রকাশনা অবশ্যই থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| ২ | সহকারী অধ্যাপক (ইংরেজি)<br>**পদের সংখ্যা** ঃ ০১ (এক)<br>**বেতন স্কেল** ঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রী অথবা এম.ফিল/ সমমানের ডিগ্রী এবং প্রভাষক পদে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br><br>অথবা<br><br>সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স/সমমানের ডিগ্রী। অনার্স ও মাস্টার্স পর্যায়ের কোন একটিতে ১ম শ্রেণী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না। স্বীকৃত মানের জার্নালে প্রকাশনা থাকিতে হইবে। ন্যূনপক্ষে ৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষকতায় অধিকতর দক্ষতার অধিকারী এবং স্বীকৃত জার্নালে ন্যূনতম দু'টি প্রকাশনা রহিয়াছে, এমন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।<br><br>ইংরেজি বিষয়ে সহকারী অধ্যাপক পদে নিয়োগের ক্ষেত্রে অনার্স অথবা মাস্টার্স পর্যায়ে প্রথম শ্রেণী না থাকিলেও আবেদন করা যাইবে। তবে এই ক্ষেত্রে শর্ত থাকে যে, এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় অবশ্যই প্রথম বিভাগ থাকিতে হইবে। ইংরেজি বিষয়ের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স পরীক্ষায় দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাঁহাদের মেধাক্রম ১-১০-এর মধ্যে রহিয়াছে, তাঁহাদিগকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে ন্যূনপক্ষে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং স্বীকৃত জার্নালে কমপক্ষে একটি প্রকাশনা থাকিতে হইবে। |
| ৩ | প্রভাষক (ইংরেজি, হিসাববিজ্ঞান, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)<br>**পদের সংখ্যা** ঃ ইংরেজি এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান প্রতি বিষয়ে ০১ (এক)টি; হিসাববিজ্ঞান বিষয়ে ০২ (দুই)টি<br>**বেতন স্কেল** ঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স/সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স পর্যায়ের কোন একটিতে প্রথম শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br><br>তবে ইংরেজি বিষয়ে প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে অনার্স অথবা মাস্টার্স পর্যায়ে প্রথম শ্রেণী না থাকিলেও আবেদন করা যাইবে। তবে এই ক্ষেত্রে শর্ত থাকে যে, এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় |

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| | বয়স ঃ সর্বোচ্চ ৩৫ বৎসর | অবশ্যই প্রথম বিভাগ থাকিতে হইবে। ইংরেজি বিষয়ের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স পরীক্ষায় দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাঁহাদের মেধাক্রম ১-১০-এর মধ্যে রহিয়াছে, তাঁহাদিগকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

শর্তাবলী ঃ

১. আগ্রহী প্রার্থীদের আগামী **২৮-১০-২০১৯ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার** মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি **২৯-০৯-২০১৯ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।**

২. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৩. বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র এবং প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৪. **আবেদন করার শেষ তারিখে (২৮-১০-২০১৯) প্রার্থীদের বয়স উল্লেখিত বয়সসীমার মধ্যে হইতে হইবে।**

৫. **প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।**

৬. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।

৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

৮. **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

১০. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় **ক্রমিক-১-এ বর্ণিত পদের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং ক্রমিক-২, ৩-এ বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা** সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

<u>পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী ঃ</u>

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।

১১. **Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।**

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

25/09/19

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়

F:\Circular\Online Circular\Teacher (Prof. Asso. Assist. Lec).doc